



ইসলামিক ফাউন্ডেশন

জনসংযোগ শাখা

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

■ প্রেস বিজ্ঞপ্তি ■

বায়তুল মুকাররমে ঈদুল-আজহার ৫টি জামাত অনুষ্ঠিত হবে

ঢাকা, ১৯ মে ২০২৬:

পবিত্র ঈদুল-আজহা ১৪৪৭ হিজরি/২০২৬ খ্রি. উদযাপন উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও রাজধানীর জাতীয় মসজিদ বায়তুল মুকাররমে পর্যায়ক্রমে ৫টি ঈদের জামাত অনুষ্ঠিত হবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৮ মে ২০২৬ খ্রি., বৃহস্পতিবার দেশে পবিত্র ঈদুল-আজহা উদযাপিত হতে পারে।

আজ ইসলামিক ফাউন্ডেশনের দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে ঈদের নামাজের সময়সূচি এবং দায়িত্বপ্রাপ্ত ইমাম ও মুকাম্বিরদের তালিকাও প্রকাশ করা হয়েছে।

ঈদুল-আজহার জামাতসমূহের সময়সূচি ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ:

প্রথম জামাত | সকাল ৭:০০ টা

ইমাম: হাফেজ মাওলানা মুফতি মোঃ মিজানুর রহমান

মুকাম্বির: ক্বারী ইসহাক, মুয়াজ্জিন, বায়তুল মুকাররম জাতীয় মসজিদ

দ্বিতীয় জামাত | সকাল ৮:০০ টা

ইমাম: ড. মাওলানা ওয়ালীযুর রহমান খান, পরিচালক (রুটিন দায়িত্ব), জাকাত ফান্ড বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন

মুকাম্বির: জনাব মোঃ নাসির উল্লাহ, চিফ খাদেম, বায়তুল মুকাররম জাতীয় মসজিদ

তৃতীয় জামাত | সকাল ৯:০০ টা

ইমাম: মুফতি মোঃ আব্দুল্লাহ, মুফতি, ইসলামিক ফাউন্ডেশন

মুকাম্বির: জনাব মোঃ রুহুল আমিন, খাদেম, বায়তুল মুকাররম জাতীয় মসজিদ

চতুর্থ জামাত | সকাল ১০:০০ টা

ইমাম: মাওলানা মোহাম্মদ নূর উদ্দীন, উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন

মুকাম্বির: জনাব মোঃ আব্দুল হাদী, খাদেম, বায়তুল মুকাররম জাতীয় মসজিদ

পঞ্চম ও সর্বশেষ জামাত | সকাল ১০:৪৫ টা

ইমাম: জনাব জুবাইর আহাম্মদ আল-আযহারী, ধর্মীয় প্রশিক্ষক, ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন

মুকাম্বির: জনাব মোঃ আমির হোসেন, খাদেম, বায়তুল মুকাররম জাতীয় মসজিদ

বিকল্প দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ

কোনো কারণে নির্ধারিত ইমাম অনুপস্থিত থাকলে বিকল্প ইমাম হিসেবে দায়িত্ব পালন করবেন ইসলামিক ফাউন্ডেশনের সহকারী লাইব্রেরিয়ান মোঃ শাহিদুল ইসলাম। এছাড়া বিকল্প মুকাম্বির হিসেবে দায়িত্ব পালন করবেন ইসলামিক ফাউন্ডেশনের খাদেম জনাব মোঃ শামসুল হক।

ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকল ইমাম, মুকাম্বির এবং দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে নির্ধারিত সময়ের পূর্বে জাতীয় মসজিদ বায়তুল মুকাররমে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।



২৪.০৫.২০২৬

বিল্লাল বিন কাশেম

জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ফোন ০১৭১১৭৮৪২২৭

রাষ্ট্র গেজেট